দৈনিক ইত্তেফাক

তারিখ 06 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 6

২২ জ্যৈষ্ঠ ১৩৯৪

# আগামী বছর হইতে শ্রেষ্ঠ শিক্ষক পুরস্কার

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, অদূর ভবিষ্যতে পাস কোর্স, মাষ্টার্স ডিগ্রী, দাখিল, আলিম,

(শেষে পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

# শ্রেষ্ঠ শিক্ষক পুরস্কার

( ১ম পৃঃ পর )

ফাজেল এবং কামেল পর্যায়ের শীর্ষস্থান অধিকারী মেধাবী ছাত্রদের চ্যান্সেলর পুরস্কার দেওয়া হইবে। আগামী বছর হইতে বিশ্ববিদ্যালয় এবং বিভাগ ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষককে তাহার অবদানের জন্য চ্যান্সেলরের সার্টিফিকেট দেওয়া হইবে।

গতকাল (শুক্রবার) সকালে ওসমানী স্মৃতি মিলনায়তনে চ্যান্সেলর পুরস্কার '৮৭ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণকালে শিক্ষামন্ত্রী শিক্ষাখাতে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপের উল্লেখ করিয়া বলেন, শিক্ষা, ছাত্র এবং শিক্ষকদের কল্যাণে সরকার বিপুল পরিমাণ অর্থ ব্যয় করিতেছেন।

শিক্ষা মন্ত্রী ১৯৮৫ ও ৮৬ সালে দেশের ৪টি বোর্ড হইতে যথাক্রমে এসএসসি ও এইচ এস সি পরীক্ষায় শীর্ষস্থান অধিকারী প্রায় ৪ শত ৫০ জনকে চ্যান্সেলর পুরস্কার প্রদান করেন।

শিক্ষা উপমন্ত্রী গোলাম সারওয়ার মিলন, বোর্ড ও মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তা এবং পুরস্কারপ্রাপ্তদের অভিভাবকগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।